**Contact us: 01735778503, arunkumarjob3917@gmail.com**

# বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
# নিয়োগ পরীক্ষা-২০২৬
# পদের নাম: অফিস সহায়ক

**সময়: ১ ঘণ্টা** **Exam Date: 03 July 2026** **পূর্ণমান: ৪০**

**১. ক. সন্ধি বিচ্ছেদ করুন। (i) কথামৃত (ii) স্বেচ্ছা**

উত্তর: কথামৃত = কথা + অমৃত

স্বেচ্ছা = স্ব + ইচ্ছা

**খ. এক কথায় প্রকাশ করুন। (i) অহংকার নেই যার (ii) ইন্দ্রিয়কে জয় করেছে যে।**

উত্তর: অহংকার নেই যার = নিরহংকার

ইন্দ্রিয়কে জয় করেছে যে = জিতেন্দ্রিয়

**গ. শুদ্ধ বানান লিখুন: (i) গননা (ii) দৈন্যতা**

উত্তর: গননা শুদ্ধ বানান গণনা

দৈন্যতা শুদ্ধ বানান দৈন্য/ দীনতা

**ঘ. বিপরীত শব্দ লিখুন: (i) ঐশ্বর্য (ii) নিন্দা**

উত্তর: ঐশ্বর্য এর বিপরীত শব্দ নিঃস্ব

নিন্দা এর বিপরীত শব্দ স্তুতি বা প্রশংসা

**ঙ. লেখকের নাম লিখুন: (i) সঞ্চিতা (ii) সঞ্চয়িতা**

উত্তর: সঞ্চিতা = কাজী নজরুল ইসলাম

সঞ্চয়িতা = রবীন্দ্রনাথ ঠাকুর

**চ. মুনীর চৌধুরীর 'কবর' কোন ধরণের রচনা?**

উত্তর: নাটক

**ছ. বাংলা সাহিত্যে 'সনেট' এর প্রবর্তক কে?**

উত্তর: মাইকেল মধুসূধন দত্ত

**জ. বাক্যে সাধু ও চলিত ভাষার মিশ্রণকে কী বলে?**

উত্তর: গুরুচণ্ডালী দোষ

**ঝ. কবি আলাওল কোন রাজসভার কবি ছিলেন?**

উত্তর: আরাকান রাজসভা

**ঞ. চর্যাপদের পদ সংখ্যা কয়টি?**

উত্তর: ৫১টি

**২. (ক) ইংরেজিতে অনুবাদ করুন। আমি গতকাল ঢাকা এসেছি।**

উত্তর: I came to Dhaka yesterday.

**(খ) শূন্যস্থানে সঠিক Preposition লিখুন He asks---------help.**

Job Exam Mate BD

উত্তর: for

**(গ) Cut your coat according to your cloth.- বাক্যটির সঠিক বাংলা লিখুন।**

উত্তর: আয় বুঝে ব্যয় কর।

**(ঘ) Wife এর Plural number লিখুন।**

উত্তর: Wives

**(ঙ) Men এর Singular number লিখুন।**

উত্তর: Man

**(চ) Bad এর Superlative form কী?**

উত্তর: Worst

**(ছ) 'Give up' - Phrase টির অর্থ কী?**

উত্তর: পরিত্যাগ করা, হাল ছেড়ে দেওয়া বা বর্জন করা (To stop doing or trying something)

**(জ) rite (লিখা) ইংরেজি শব্দটির সঠিক বানান লিখুন।**

উত্তর: Write

**(ঝ) The teacher teaches them.- বাক্যটির passive voice করুন।**

উত্তর: They are taught by the teacher.

**(ঞ) He said, "I am hungry". বাক্যটি Indirect Speech-এ লিখুন।**

উত্তর: He said that he was hungry.

**৩. স্রোতের অনুকূলে একটি জাহাজ ৪ ঘণ্টায় ৩৬ কি.মি. পথ অতিক্রম করে। স্রোতের বেগ প্রতি ঘণ্টায় ৩ কি. মি. হলে স্থির পানিতে জাহাজের বেগ কত?**

সমাধান: স্রোতের অনুকূলে বেগ $= \frac{৩৬}{৪} =$ ৯ কি.মি./ ঘণ্টা

আমরা জানি, জাহাজের বেগ + স্রোতের বেগ = স্রোতের অনুকূলে বেগ

বা, জাহাজের বেগ + ৩ = ৯

বা, জাহাজের বেগ = ৬

স্থির পানিতে জাহাজের বেগ = ৬ কি.মি./ঘণ্টা

উত্তর: ৬ কি.মি./ঘণ্টা

**৪. যদি চিনির মূল্য ২৫% বৃদ্ধি পায় তবে চিনির ব্যবহার শতকরা কত ভাগ কমালে চিনি বাবদ ব্যয় বৃদ্ধি পাবে না?**

সমাধান: মনে করি চিনির পূর্বমূল্য 100 টাকা

25% বৃদ্ধি পাওয়ার পর চিনির বর্তমান মূল্য = (100 + 25) = 125 টাকা

125 টাকার খরচ করতে হবে 100 টাকায়

∴ 1 ” ” ” ” $= \frac{100}{125}$ ”

∴ 100 ” ” ” ” $= \frac{100\times100}{125}$ ”

= 80 টাকায়।
খরচ কমাতে হবে (100 – 80) = 20 টাকায়
100 টাকায় খরচ কমাতে হবে 20 টাকা, অর্থাৎ 20%
উত্তর: 20%

**৫. পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ৮০ বছর। পিতার বয়স পুত্রের বয়সের তিনগুণ হলে পুত্রের বয়স কত?**
সমাধান: মনে করি, পুত্রের বয়স x বছর এবং পিতার বয়স 3x বছর।
প্রশ্নমতে, $x+3x = 80$
বা, $4x = 80$
বা, $x = 20$
পুত্রের বয়স 20 বছর
উত্তর: পুত্রের বয়স 20 বছর

**৬. (ক) জাতীয় সংসদ ভবনের নকশা কে করেন?**
উত্তর: লুই আই কান
**(খ) বাংলাদেশের জাতীয় পতাকার দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত কত?**
উত্তর: ১০: ৬
**(গ) AI (এ.আই.) বলতে কী বুঝায়?**
উত্তর: Artificial Intelligence
**(ঘ) 'সোমপুর বিহার' কোথায় অবস্থিত?**
উত্তর: পাহাড়পুর
**(ঙ) বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্য?**
উত্তর: ১৩৬তম
**(চ) BPSC এর পূর্ণরূপ কী?**
উত্তর: Bangladesh Public Service Commission
**(ছ) বাংলাদেশের স্বাধীনতা দিবস প্রতিবছর কত তারিখে উদ্যাপন করা হয়?**
উত্তর: ২৬ মার্চ
**(জ) কিয়েভ শহরটি কোন দেশে অবস্থিত?**
উত্তর: ইউক্রেন
**(ঝ) সামাজিক যোগাযোগ মাধ্যম Facebook এর জনক কে?**
উত্তর: মার্ক জাকারবার্গ
**(ঞ) 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান'- এ কয়টি অনুচ্ছেদ রয়েছে?**
উত্তর: ১৫৩

Job Exam Mate BD